

Total No. of Printed Pages—7

**X/20/B (N)**

**2 0 2 0**

**BENGALI**

( INDIAN LANGUAGE )

( New Course )

**( FOR CANDIDATES WITH INTERNAL ASSESSMENT )**

*Full Marks : 80*

*Pass Marks : 24*

**( FOR CANDIDATES WITHOUT INTERNAL ASSESSMENT )**

*Full Marks : 100*

*Pass Marks : 30*

*Time : 3 hours*

**( FOR ALL CATEGORIES OF CANDIDATES )**

*General Instructions :*

- (i) The Candidates are advised to attempt all questions accordingly.
- (ii) Marks allocated to every question are indicated against each.

( 2 )

বিভাগ—ক

১। বন্ধনী থেকে সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূর্ণ কর : ১×৩=৩

(ক) \_\_\_\_\_ অন্দরের বাগান প্রাচীর দিয়ে ঘেরা।

( সন্ন্যাসীর / মৃত্যুঞ্জয়ের / শঙ্করের )

(খ) মুখুজ্যে মশাই, পীরগঞ্জের বাবুদের বাড়ি থেকে আমরা \_\_\_\_\_ পেয়েছি।

( নিমন্ত্রণ / চিঠি / আমন্ত্রণ )

(গ) মৌলানা রুমী ছিলেন \_\_\_\_\_।

( সাধু / সন্ন্যাসী / ভক্ত )

২। দু-একটি শব্দে বা একটি বাক্যে যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) ‘আদরিণী’ গল্পের লেখক কে?

(খ) তোতাটি কোন্ দেশের খাঁচায় বন্দী ছিল?

(গ) হরিহরের ছোট ভাইটির নাম কি?

(ঘ) জয়রামের বয়স কত?

৩। একটি বাক্যে বা একটি শব্দে যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) গাছ থেকে পাকা কুল কে পেড়েছিল?

(খ) ‘আবার আসিব ফিরে’ কবিতার কবি কে?



( 4 )

বিভাগ—খ

৮। একটি বাক্যে বা একটি শব্দে যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) “হ্যারে নবীন, বাঁশি বাজায় কে, রায়েদের ইন্দ্র নাকি?” কে প্রশ্নটি করেছেন?

(খ) ‘শ্রীকান্ত ও ইন্দ্রনাথ’ পাঠটি লেখকের কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

(গ) “আউর মারো—শালাকো মার ডালো।” বক্তা কে?

(ঘ) শ্রীনাথ কে?

(ঙ) “কি রে শ্রীকান্ত, ভয় করে?” প্রশ্নকর্তা কে?

(চ) ইন্দ্রনাথ কতদিন মাছ চুরি করে বেঁচে এসেছিল?

৯। ষোলোটি বাক্যের মধ্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) মেজদার কঠোর তত্ত্বাবধানে শ্রীকান্ত ও অন্য ভাইদের বিদ্যাভ্যাসের একটি সহজ বর্ণনা দাও।

(খ) ‘শ্রীকান্ত ও ইন্দ্রনাথ’ পাঠ্যাংশ অবলম্বনে ইন্দ্রনাথ চরিত্র বিশ্লেষণ কর।

বিভাগ—গ

১০। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখ :

(ক) উদাহরণসহ সংজ্ঞা লেখ (যে কোনো দুটি) : ২×২=৪

তৎপুরুষ সমাস; বর্ণবিপর্যয়; আদি-স্বরাগম; অভিশ্রুতি; দ্বন্দ্ব সমাস।

( 5 )

- (খ) ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ (যে কোনো তিনটি) :  $2 \times 3 = 6$   
রাতদিন; রাজসিংহাসন; চৌমাথা; চক্রপাণি; উপকূল; রাজর্ষি; বরবধু।
- (গ) নিম্নলিখিত শব্দযুগলের অর্থপার্থক্য লেখ (যে কোনো চারটি) :  $1 \times 8 = 8$   
অংশ-অংশ; উপাদান-উপাধান; কমল-কোমল; শারদা-সারদা; কুল-কুল;  
চির-চীর।
- (ঘ) সঠিক অর্থ নির্দেশ করে নীচে দেওয়া বাগধারাগুলো দিয়ে বাক্য-রচনা কর  
(যে কোনো দুটি) :  $2 \times 2 = 4$   
অরণ্যে রোদন; আষাড়ে গল্প; একাদশী বৃহস্পতি; চোখের বালি।
- (ঙ) বাক্য সংকোচন কর (যে কোনো চারটি) :  $1 \times 8 = 8$   
যাহা নমস্কারের যোগ্য; জনকের কন্যা; শিবের উপাসক; অশ্বের ধ্বনি;  
জানিবার ইচ্ছা; যাহা কাঁপিতেছে; নিন্দার যোগ্য।

### বিভাগ—ঘ

- ১১। নিম্নলিখিত অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও (প্রতিটি উত্তর দুটি বা তিনটি  
বাক্যের মধ্যে করতে হবে) :  $2 \times 8 = 16$

বিদ্যাসাগরের কার্মাটারে একটি বাগানবাড়ি ছিল; এখন সে জায়গার কাছে চিত্তরঞ্জনে  
রেলগাড়ি টানবার ইঞ্জিনের একটি কারখানা হয়েছে। কলকাতা হতে মাঝেমাঝে গিয়ে  
তিনি সেই বাগান-বাড়িতে থাকতেন, জায়গাটি যেমন স্বাস্থ্যকর তেমন দেখতে সুন্দর।  
ছোট-ছোট পাহাড়ে ভরা, সেখানে অনেক সাঁওতাল থাকে। তারা আমাদের দেশের  
আদিবাসী। এখানকার জমি উর্বর না হওয়ায় ভালো ফসল হয় না, তাই তারা বড়ো  
গরীব। বিদ্যাসাগর যখন সেখানে থাকতেন, তখন তাঁর যথেষ্ট অবসর মিলত। কাজেই  
মনের মতো করে তাদের সেবা করতেন।

- (ক) বিদ্যাসাগরের বাগানবাড়ি কোথায় ছিল?  $2$
- (খ) চিত্তরঞ্জনে কিসের কারখানা হয়েছে?  $2$

( 6 )

(গ) কলকাতা থেকে মাঝেমাঝে কোথায় গিয়ে থাকতেন বিদ্যাসাগর? ২

(ঘ) জমিতে ভালো ফসল হয় না কেন? ২

১২। নিম্নলিখিত যে কোনো একটি বিষয় অবলম্বনে একটি প্রবন্ধ লেখ (২৫০ শব্দের মধ্যে) : ১০

(ক) সভ্যতার অগ্রগতিতে বিজ্ঞানের দান

(খ) তোমার প্রিয় গ্রন্থ

(গ) একজন মহাপুরুষের জীবনী

(ঘ) তোমার মাতৃভাষা

অথবা

নীচের ছবিটি দেখে ছবিটির বিস্তৃত বর্ণনা দাও অথবা ছবিটি তোমার মনে যে ভাব ফুটিয়ে তুলেছে তা স্পষ্ট করে লেখ : ১০



অথবা

নিম্নলিখিত সংকেত সূত্রগুলো অবলম্বন করে একটি গল্প রচনা কর :

( কেবলমাত্র দৃষ্টিহীন ছাত্র-ছাত্রীদের জন্য )

যুদ্ধে পরাজিত এক রাজা পাহাড়ের গায়ে লুকিয়ে আছেন—একটি মাকড়সাকে দেখলেন  
বারবার জাল বুনে চলেছে—বারবার নীচে পড়ে যাচ্ছিল—শেষ পর্যন্ত জাল বুনে  
সক্ষম হল—রাজা উৎসাহিত হলেন—শেষ পর্যন্ত নিজে যুদ্ধে জয়ী হলেন।

( 7 )

( For Candidates without Internal Assessment )

১৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

২×৪=৮

- (ক) “আপনি অন্তর্যামী, নহিলে আমার শোক কেমন করিয়া বুঝিলেন।” বক্তা কে?  
কাকে কথাগুলি বলেছেন?
- (খ) জয়রামের চেহারার বর্ণনা দাও।
- (গ) “একই ভুল দু-বার করলুম”—কে, কি ভুল করলেন?
- (ঘ) ‘আবার আসিব ফিরে’—কে, কোথায় ফিরে আসতে চান?
- (ঙ) ‘তুমি মোর শির চুমে’—কার লেখা, কোন্ কবিতার অংশ?

১৪। বারোটি বাক্যের মধ্যে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৬×২=১২

- (ক) জয়রামের চরিত্র সংক্ষেপে বিশ্লেষণ কর।
- (খ) ‘আবার আসিব ফিরে’ কবিতার সারমর্ম লেখ।
- (গ) শ্রীকান্ত ও ইন্দ্রনাথের মাছ চুরির ঘটনার বর্ণনা দাও।

★ ★ ★